AME(ICT DTCA)
26/09/2016

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০১.১৬-২৬৪

তারিখ : ১০ আশ্বিন ১৪২৩
২৫ সেপ্টেম্বর ২০১৬

# প্রজ্ঞাপন

যেহেতু জনাব মোঃ মোকাদ্দেসুল হক (৬০২১৯৯), উপ-বিভাগীয় প্রকৌশলী {(চঃদাঃ) (সাময়িকভাবে বরখাস্ত)}, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের সুপারিশের প্রেক্ষিতে University of South Florida, USA-তে Doctor of Philosophy Program in Civil Engineering, Transportation কোর্সে অধ্যয়নের নিমিত্ত তদানিন্তন সড়ক বিভাগের ২৭.০৭.২০১৪ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০৬৬.২০১০-৫৯৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ০১.০৮.২০১৪ তারিখ হতে ৩১.০৭.২০১৫ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের প্রেষণ (Deputation) প্রচলিত শর্তে মঞ্জুর করা হয়;

যেহেতু পরবর্তিতে প্রধান প্রকৌশলীর ১০.০৯.২০১৫ তারিখের ৭পি-৫৯/২০১০-১৩১৭-ই সংখ্যক স্মারকে তাঁর প্রেষণ মেয়াদ ০১.০৮.২০১৫ হতে ৩০.০৭.২০১৮ তারিখ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য বৃদ্ধির প্রস্তাব করা হলে তা যথাযথ ও যৌক্তিক না হওয়ায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক না-মঞ্জুর করে তাঁকে ২৩.১০.২০১৫ তারিখের মধ্যে দেশে প্রত্যাবর্তনের জন্য ২৩.৯.২০১৫ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.৬৬.২০১০-৭৫২ সংখ্যক স্মারকমূলে নির্দেশনা প্রদান করা হয়;

যেহেতু তিনি উক্ত নির্দেশনা সত্ত্বেও দেশে প্রত্যাবর্তন করেননি এবং গত ০১.০৮.২০১৫ তারিখ হতে অদ্যাবধি কর্মক্ষেত্রে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে গত ২৫.১০.২০১৫ তারিখের ৩৫.০২২.০১৫. ০০.০০.৬৬.২০১০-৮২১ সংখ্যক প্রজ্ঞাপনমূলে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু তাঁর উপর্যুক্ত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ এবং ডিজারশনের অভিযোগে অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ০১/২০১৬ রুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (সি) অনুযায়ী অভিযুক্ত করে কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না মর্মে বিগত ২৫.০১.২০১৬ তারিখে রেজিস্টার্ড/এডি সহযোগে তাঁর সম্ভাব্য সকল ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করত: তা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হয়। কিন্তু তিনি কোন জবাব প্রদান করেননি;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষান্তে বিভাগীয় মামলাটি তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক সুলতানা ইয়াসমীন, উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ০১.০৬.২০১৬ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'ডিজারশন' ও 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদন্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য গত ২০.০৬.২০১৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ তাঁর দাপ্তরিক, বর্তমান, স্থায়ী ও বৈদেশিক ঠিকানায় প্রেরণ করা হয়;

যেহেতু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাবও তাঁর নিকট হতে পাওয়া যায়নি। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদন্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক জনাব মোঃ মোকাদ্দেসুল হক (৬০২১৯৯), উপ-বিভাগীয় প্রকৌশলী {(চঃদাঃ) (সাময়িকভাবে বরখাস্ত)}, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদন্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু জনাব মোঃ মোকাদ্দেসুল হক (৬০২১৯৯), উপ-বিভাগীয় প্রকৌশলী {(চঃদাঃ) (সাময়িকভাবে বরখাস্ত)}, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন করেছেন;

সেহেতু এক্ষণে জনাব মোঃ মোকাদ্দেসুল হক (৬০২১৯৯), উপ-বিভাগীয় প্রকৌশলী {(চঃদাঃ) (সাময়িকভাবে বরখাস্ত)}, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ০১.০৮.২০১৫ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদন্ডে দণ্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০১.১৬-২৬৪/১(১৪)

তারিখ : ১০ আশ্বিন ১৪২৩
২৫ সেপ্টেম্বর ২০১৬

<u>**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**</u>

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৮. যুগ্মসচিব (সজস গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
০৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১২. জনাব মোঃ মোকাদ্দেসুল হক (৬০২১৯৯), উপ-বিভাগীয় প্রকৌশলী {(চঃদাঃ) (সাময়িকভাবে বরখাস্ত)}, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

(মোহাঃ লিয়াকত আলী খান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৮৪১২৮